

ঢাকা ওয়াসা

(ক) স্মারক নং-০৮/এসএমডব্লিউসি, তারিখঃ ০৩/০৩/২০২৬, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএমডব্লিউসি সার্কেল, ঢাকা ওয়াসা হতে প্রাপ্ত।

বিষয়ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি সার্কেলের জন্য একটি পিএ টেলিফোন সেট সরবরাহ করণ প্রসঙ্গে।

৪৭। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি সার্কেল, ঢাকা ওয়াসা এর অফিসে ব্যবহৃত পিএ টেলিফোন সেটটি দীর্ঘদিন যাবৎ নষ্ট অবস্থায় আছে। টেলিফোন সেটটি নষ্ট থাকায় বিভিন্ন জায়গায় অফিসিয়াল যোগাযোগ রক্ষা করা সম্ভব হচ্ছেনা বিধায় জরুরী ভিত্তিতে উক্ত দপ্তরের জন্য একটি পিএ টেলিফোন সেট সরবরাহের অনুরোধ জানিয়ে উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ বরাবর একটি নোট প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং- ৬২ সদয় দ্রষ্টব্য)।

৪৮। প্রেরিত চাহিদাপত্রের ভিত্তিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএমডব্লিউসি সার্কেল, ঢাকা ওয়াসা এর অফিসিয়াল যোগাযোগের জন্য পুরাতন নষ্ট টেলিফোন সেট পরিবর্তন করে নতুন পিএ টেলিফোন সেট সংযোগ স্থাপন করা আবশ্যিক। সে প্রেক্ষিতে উক্ত দপ্তরের জন্য এক জোড়া পিএ টেলিফোন সেট ক্রয় করার নিমিত্ত স্থানীয় বাজার দর যাচাই করা হয়েছে। বর্তমান বাজার দর অনুযায়ী প্যানাসোনিক কোম্পানীর তৈরী পিএ টেলিফোন সেট ক্রয় করতে ১৯৫০০/- টাকা ব্যয় হবে। এ ছাড়াও টেলিফোন সেট সংযোগের জন্য ক্যাবল, কর্ড, জয়েন্ট বক্স ও অন্যান্য আনুষঙ্গিক মালামাল ক্রয় করতে ২৭৫০/- টাকা ব্যয় হবে। টেলিফোন সেট ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করতে সর্বমোট (১৯৫০০+২৭৫০) = ২২২৫০/- (বাইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা ব্যয় হবে। এ অর্থ উপ-সচিব, কমন সার্ভিস বিভাগের অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, উক্ত অনুমোদন উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের আওতাভুক্ত।

প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

মোঃ মাহু আলম
যোগাযোগ কর্মকর্তা
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

DS/SES

মোঃ আব্দুল হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

১০২ (এস.)
১১/০৩/২৬
০২৬/২৬
১২/০৩/২৬
২৬/০৩/২৬
২২/০৩/২৬
২২/০৩/২৬
১৩/০৩/২৬
১৩/০৩/২৬
১৩/০৩/২৬